

পুলিশ-নিরাপত্তারক্ষী
হাতাহাতি
শাহজালালের দোতলার
সব গেট এক
ঘণ্টা বন্ধ.

নিজস্ব প্রতিবেদক >

আর্মড ব্যাটালিয়ন পুলিশ (এপিবিএন) ও সিভিল এভিয়েশনের নিরাপত্তা রক্ষীদের মধ্যে হাতাহাতির ঘটনায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দ্বিতীয় তলার সব গেট এক ঘণ্টা বন্ধ ছিল। এ সময় বিদেশগামী যাত্রীদের মধ্যে আতঙ্ক দেখা দেয়। গতকাল দুপুরে এ ঘটনা ঘটে।

বিমানবন্দরে কাজ করা একাধিক নিরাপত্তাকর্মী জানিয়েছেন: খায়রুল ইসলাম নামে সিভিল এভিয়েশনের একজন নিরাপত্তা রক্ষীর ভিউটি করার সময় ৬ নম্বর গেটে দায়িত্বরত পুলিশ সদস্যদের সঙ্গে তর্কবিতর্ক হয়। এক কনস্টেবল খায়রুলের গালে চড় মারলে তার সঙ্গে পুলিশের হাতাহাতি হয়। পরে খায়রুলকে এপিবিএনের অফিসে নিয়ে যাওয়া হয়। এই খবর ছড়িয়ে পড়লে অন্য নিরাপত্তা রক্ষীরা বিমানবন্দরের দ্বিতীয় তলার সব গেটে তালা লাগিয়ে এক ঘণ্টা কর্মবিরতি পালন করে। পরে পুলিশ ও বিমানবন্দরের উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

বিমানবন্দরের প্রধান নিরাপত্তা কর্মকর্তা নুরুল ইসলাম বলেন, পুলিশ ও সিকিউরিটিদের মধ্যে ভুল বোঝাবুঝি হয়েছিল। বিষয়টির মীমাংসা করা হয়েছে। তবে গেটে তালা দেওয়ার বিষয়টি তিনি অস্বীকার করেন।

এদিকে নিরাপত্তা রক্ষীর গায়ে হাত তোলার অভিযোগ অস্বীকার করেছে এপিবিএন। এপিবিএনের সিনিয়র -এএসপি তানজিনা আক্তার দাবি করেন, এক যাত্রীর কাছ থেকে ইউডি কার্ড লিখে দেওয়ার নাম করে ৫০ টাকা ঘুষ নেন খায়রুল ইসলাম। বিষয়টি পুলিশের নজরে এলে তাকে আটক করে সিভিল এভিয়েশনের ডিএসও ফরিদ উদ্দিনের জিম্মায় দেওয়া হয়।